



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিআই)  
বোর্ড বাজার, গাজীপুর



স্মারক : বিএমটিআই-৮৩(অংশ-১)/শিক্ষা/২০০৪/প্রশা:/

তারিখ : ০৬/০৯/২০২২ খ্রি.

## বিগত এক বছরে বিএমটিআই কর্তৃক সম্পাদিত কার্যক্রমের বিবরণ (২০২১-২০২২)

### ভূমিকা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট সারাদেশের মাদ্রাসা শিক্ষকগণের জন্য একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান। এখানে এবতেদায়ী থেকে শুরু করে সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষগণের জন্য প্রশিক্ষণ পরিচালিত হয়। শহরাঞ্চল থেকে শুরু করে প্রান্তিক জনপদের শিক্ষকগণও যেনো মাদ্রাসা শিক্ষাপ্রশাসন ও শিখন-শেখানো কার্যক্রমে কাঙ্ক্ষিত মান অর্জন করতে পারেন সে লক্ষ্যকে সামনে রেখেই বিএমটিআই সমস্ত কার্যক্রম পরিচালিত করে আসছে। তবে কোভিড-১৯ পরিস্থিতির কারণে ২০২০-২০২১ আর্থিক বছরের সামগ্রিক প্রশিক্ষণ কার্যক্রম ঝুঁকির মধ্যে পড়ে যায়। পরবর্তীতে প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধান ও যোগ্য নেতৃত্বে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে সে ঝুঁকি পুরোপুরিভাবে মোকাবেলা করা সম্ভব হয়েছে। উল্লেখ্য, অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম বাংলাদেশে মাদ্রাসা শিক্ষার ইতিহাসে একটি অনন্য ঘটনা। প্রথমে ভাবা হয়েছিল, আইসিটি ও সুযোগ-সুবিধার দিক থেকে তুলনামূলক বিচারে পিছিয়ে পড়া মাদ্রাসা শিক্ষকগণ হয়তো অনলাইন প্রশিক্ষণের সাথে মানিয়ে নিতে পারবেন না কিন্তু সকল আশংকা অমূলক প্রমাণিত করে অত্যন্ত সফলতার সাথে আরবি ও ইংরেজি ভাষাশিক্ষা কোর্সসহ অন্যান্য কোর্স পরিচালিত হয়েছে। মাদ্রাসা শিক্ষার জন্য কোভিড মূলত আশীর্বাদ হয়ে এসেছে।

**রূপকল্প (Vision):** উচ্চ নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন, দক্ষ মানব সম্পদ তৈরী।

**অভিলক্ষ্য (Mission):** শিক্ষানীতি ২০১০ এসডিজি ৪ ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে মাদ্রাসার শিক্ষার সকল পর্যায়ে যুগোপযোগী আধুনিক মান সম্পন্ন শিক্ষা নিশ্চিত করার মাধ্যমে উচ্চ নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন মানব সম্পদ তৈরির প্রচেষ্টা অব্যাহত রাখা।

বিএমটিআই এর কার্যাবলী :

১. মাদ্রাসা শিক্ষার মান উন্নয়নে প্রশিক্ষিত শিক্ষক তৈরি।
২. মাদ্রাসা শিক্ষার্থীদেরকে জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের (বিশেষ করে মধ্যপ্রাচ্যের জন্য) জন্য দক্ষ ও উপযোগী করে গড়ে তোলা।
৩. বিএমটিআই এর সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও প্রশিক্ষণের সঠিক মানোন্নয়ন
৪. মুক্তিযুদ্ধের চেতনা এবং জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির বিকাশ ঘটানো
৫. মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে ভাষার দক্ষতা বৃদ্ধি।

## ২. বিএমটিআই কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহের নাম

বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে আরবি, ইংরেজি ও গণিত এই তিনটি বিষয়কে মূল বিষয় হিসেবে বিবেচনা করা হয়েছে। বিষয়ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা হলে বর্ণিত তিনটি মূল বিষয়ের সাথে অবশিষ্ট বিষয়গুলোর (বাংলা, রসায়ন, জীববিজ্ঞান, আল-কোরআন, সাধারণ বিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সমাজবিজ্ঞান) যেকোনো একটি নিয়ে মোট চারটি বিষয়ের সমন্বয়ে একটি প্রশিক্ষণ ব্যাচ গঠন করা হয়।

ক্রমিক	প্রশিক্ষণ কোর্সের নাম	স্তরের নাম
০১.	বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (আরবি, ইংরেজি, গণিত, আল-কোরআন, বিজ্ঞান, বাংলা, ইসলামের ইতিহাস ও সমাজবিজ্ঞান)	দাখিল
০২.	বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (আরবি, ইংরেজি, গণিত, রসায়ন, জীববিজ্ঞান)	আলিম/ফাযিল
০৩.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স	সুপার/সহ-সুপার
০৪.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী কোর্স	
০৫.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স	অধ্যক্ষ/উপাধ্যক্ষ
০৬.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী কোর্স	
০৭.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স	এবতেদায়ী প্রধান
০৮.	বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (আরবি, ইংরেজি, গণিত, বিজ্ঞান, বাংলা)	এবতেদায়ী
০৯.	আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স	দাখিল/আলীম
১০.	Improving English Language Skills for Madrasah Teachers	দাখিল/আলীম
১১.	বিএমএড কোর্স	দাখিল

**২০২১-২২ সালে বিএমটিআই-তে আয়োজিত প্রশিক্ষণ কোর্সসমূহের বিবরণ:**

	ক্রম	কোর্সের নাম	২০২১-২২	মোট
বিষয়ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ	১.	এবতেদায়ী সহকারী শিক্ষকদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স	৪৭৩ জন	৩০০৭
	২.	দাখিল স্তরের সহকারী শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স	১০৭০ জন	
	৩.	সিনিয়র মাদ্রাসার সহকারী অধ্যাপক/প্রভাষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স	২৮২ জন	
	৪.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এক বৎসরব্যাপী বিএমএড কোর্স	১০৯ জন	
	৫.	অনলাইনে আরবি ও ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স	১০৭৩ জন	
শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স	৫.	এবতেদায়ী মাদ্রাসা প্রধানদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স	১৮০ জন	৬৩৩
	৬.	দাখিল মাদ্রাসা সুপার/সহ-সুপারদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স	১৮৬ জন	
	৭.	সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স	১০২ জন	
	৩.	দাখিল মাদ্রাসা সুপার/সহ-সুপারদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী কোর্স	৯৫ জন	
	৪.	সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স সঞ্জীবনী কোর্স	৭০ জন	
মোট			৩৬৪০ জন	৩৬৪০

২০২১-২২ অর্থ-বছরে সম্পাদিত অন্যান্য কার্যক্রম :

১.	১টি ওয়েবিনার আয়োজন
২.	বিভিন্ন ধরনের সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন
৩.	প্রশিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধভিত্তিক বই প্রদান
৪.	জাতীয় দিবসসমূহ উদযাপন
৫.	মুজিব শতবর্ষ উপলক্ষ্যে 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থ পাঠ প্রতিযোগিতার আয়োজন
৬.	শ্রেণিকক্ষে স্মার্ট টিভি স্থাপন ও আধুনিকীকরণ
৭.	মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ক্যাম্পাসে বৃক্ষ রোপন
৮.	প্রশিক্ষণ ম্যানুয়ালসমূহ পরিমার্জন
৯.	প্রশিক্ষণ কারিকুলামের উন্নয়ন
১০.	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন

**উত্তম চর্চা (Best Practices) 'র ক্ষেত্রসমূহ :**

- বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-একটি দূর্নীতি মুক্ত প্রতিষ্ঠান।
- বিএমটিটিআই-এর কর্মকর্তা ও কর্মচারীগণ দূর্নীতি মুক্ত।
- কর্মকর্তা-কর্মচারীগণের যথাসময়ে এবং নিয়মিত আগমন ও প্রস্থান।
- কর্মকর্তা, কর্মচারী ও প্রশিক্ষার্থীগণের পরিষ্কার-পরিচ্ছন্ন ও মানানসই পোষাক পরিধান করেন।
- সততা দেওয়াল স্থাপন এবং তাতে সততার প্রতিজ্ঞাদের স্বাক্ষর প্রদান করা হয়েছে।
- বিএমটিটিআই-এর ক্যাম্পাস নিয়মিত পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করা হয়েছে।
- ফুলের বাগান তৈরি ও পরিচর্যা।
- প্রশিক্ষার্থীদের স্বেচ্ছা ভিত্তিতে ডাইনিংয়ে মেস পরিচালনা।
- পরিচ্ছন্ন ও মানসম্মত খাবার পরিবেশন।
- নিয়মিত সমন্বয় সভা/পরামর্শ সভার বাস্তবায়ন করা হয়।
- নিয়মিত শরীরচর্চার ব্যবস্থা করা হয়েছে।
- নিয়মিত সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা।
- সিসি ক্যামেরার মাধ্যমে ক্যাম্পাস তদারকি করা হয়।
- ভিজেলেন্স কমিটির মাধ্যমে ক্যাম্পাসের শৃংখলা তদারকি করা হয়।
- প্রশিক্ষণের মানোন্নয়নের জন্য প্রশিক্ষক মূল্যায়ন ব্যবস্থা করা হয়।
- ক্যাম্পাসে লুপ্তি পরিধান না করার নিয়ম প্রচলন।
- কর্মকর্তাদের নিয়মিত মাসিক সভা আয়োজন করা হয়।
- কর্মচারীদের সাথে মত বিনিময়ের ব্যবস্থা করা হয়।
- কর্মকর্তা ও কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান।
- কর্মকর্তা ও কর্মচারীগণ প্রশাসনকে সার্বিক সহযোগিতা প্রদান করেন।
- অধ্যক্ষ মহোদয় সবার মতামত নিয়ে সকল কর্মকান্ড পরিচালনা করেন।

গত এক বছরে বিভিন্ন কার্যক্রমের কতিপয় আলোকচিত্র:



প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অন্তর্গত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয় ও অন্যান্য অতিথিবর্গ



মহান বিজয় দিবস-২০২১ উপলক্ষে স্বাধীনতার বীর শহিদদের উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করে পস্পমাল্য অর্পণ করছেন বিএমটিটিআই-এর অধ্যক্ষসহ অন্যান্য সদস্যবর্গ



১৫ই আগস্ট জাতীয় শোক দিবস- ২০২২ উপলক্ষে টুঞ্জীপাড়ায় জাতির পিতার সমাধিসোধে শ্রদ্ধা নিবেদন



জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে বিএমটিটিআই ক্যাম্পাসে বৃক্ষ রোপন



বিএমএড ২০২১ শিক্ষাবর্ষের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মহিলাদের বালিশ নিক্ষেপ প্রতিযোগিতার একাংশ



বিএমটিআই-এর ম্যানুয়াল পরিমার্জন ও হালনাগাদকরণ বিষয়ক কর্মশালায় সচিব মহোদয় ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়



জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ও বাস্তবায়ন শীর্ষক ইন-হাউজ প্রশিক্ষণ



বিএমএড কোর্সের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় পুরুষদের ১০০ মিটার দৌড়



১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে  
পুষ্পমাল্য অর্পণ করছেন বিএমটিটিআই-এর অধ্যক্ষ ও অনুষদ সদস্যসহ প্রশিক্ষণার্থীদের একাংশ